গুরুতর অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য পার্কিং পারমিট বা লাইসেন্স প্লেটের জন্য কীভাবে আবেদন করবেন

dmv.ny.gov

সাধারণ নির্দেশিকা

3 নং পাতার আবেদন পূরণ করার আগে অনুগ্রহ করে এই প্যাকেটের 1 ও 2 নং পাতা পড়ুন। যদি আপনি একজন নিউ ইয়র্কবাসী হন যার **অক্ষমতা** আছে এবং **হাঁটতে চলতে** পারেন না তাহলে বিশেষ পার্কিং পারমিট বা লাইসেন্স প্লেটের জন্য যোগ্য হতে পারেন। **এই অক্ষমতাসমূহের** বর্ণনার জন্য এই প্যাকেটের 3 নং পাতার আবেদনের 2য় খণ্ড দেখুন। কোনও সারাজীবন বা সাময়িক সময়ের অক্ষমতার জন্য একটা পার্কিং পারমিট ইস্যু করা হতে পারে। পারমিটগুলো **প্রতিবন্ধী ব্যক্তির নামে ইস্যু করা হয়।** পার্কিং পারমিট পেতে আপনার ড্রাইভার থাকা বা গাড়ির রেজিস্টার্ড মালিক হওয়া **আবশ্যক নয়।** গুরুতর অক্ষমতা থাকা যে কোনও বয়সের বাচ্চারা পারমিটের জন্য যোগ্য, সেইমতো যারা আইনত অন্ধ তারাও যোগ্য।

1) **পার্কিং পারমিটের জন্য আবেদন করা:**

(a) 3 নং পাতার আবেদনের 1ম খণ্ড পূরণ করুন। যদি আপনার **অক্ষমতা সারা জীবনের জন্য হয়,** তাহকে কোনও ডাক্তার, অস্টিওপ্যাথি ডাক্তার, ডাক্তারের সহকারি, নার্স প্র্যাকটিসনার, পোডিয়াট্রিক মেডিসিনের ডাক্তার (পা সংক্রান্ত অক্ষমতা) বা অপ্টোমেট্রিস্ট (অন্ধত্বের জন্য) আবেদন পত্রের 2য় খণ্ডের মেডিক্যাল সার্টিফিকেশন বিভাগটি পূরণ করে আপনার কাছে ফেরত পাঠাতে হবে। যদি আপনার **অক্ষমতা সাময়িক হয়** যার জন্য সহায়ক ডিভাইসের প্রয়োজন, তাহলে কোনও ডাক্তার বা অস্টিওপ্যাথির ডাক্তারকে আবেদন পত্রের 2য় খণ্ডের মেডিক্যাল সার্টিফিকেশন বিভাগের "সাময়িক অক্ষমতা" পূরণ করে আপনার কাছে ফেরত পাঠাতেহবে।

দ্রষ্টব্য: যদি আপনার অক্ষমতা সারা জীবনের জন্য হয়, যেটা দেখে বোঝা যাবে (যেমন পা বাদ যাওয়া) ***বা*** যদি আপনার কাছে **ইতিমধ্যেই** গুরুতর অক্ষমতার লাইসেন্স প্লেট থাকে তাহলে হয়তো ইস্যুকারি এজেন্ট মেডিক্যাল সার্টিফিকেশন থেকে অব্যাহতি দিতে পারে।

(b) **আপনার সম্পূর্ণ করা আবেদন আপনাকে অবশ্যই আপনি যে মহানগর, শহর বা গ্রামে বসবাস করেন সেখানকার ইস্যুকারি এজেন্টের কাছে আনতে হবে। আপনার আবেদন মোটর গাড়ি দপ্তরের (DEPARTMENT OF MOTOR VEHICLES, DMV) কাছে পাঠাবেন না– DMV পার্কি পারমিট ইস্যু করে না।** যদি আপনার কাছে NYS DMV ইস্যু করা ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি কার্ড থাকে তাহলে আপনাকে সেই নথি অবশ্যই ইস্যুকারি এজেন্টকে দেখাতে হবে। আইন বলবৎকারী সংস্থারা যাতে প্রকৃত পারমিট ধারককে শনাক্ত করতে পারে ও সহায়তা সীমার অবব্যবহার রোধ করতে পারে তাই ইস্যুকারি এজেন্ট আপনার পারমিটে আপনার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি কার্ডে প্রিন্ট করা নয় সংখ্যার নম্বরটির শেষ তিনটি সংখ্যা লিখবে। পারমিট পেতে আপনার কাছে NYS DMV দ্বারা ইস্যু করা ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি কার্ড থাকা আবশ্যক নয়, যদি না আপনি নিউ ইয়র্ক শহরের বাসিন্দা না হন (নিচে যেমন বলা আছে সেই মতো নিউ ইয়র্কের বাসিন্দারা যদি তাদের ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি কার্ডের কপি না দেন তাহলে পারমিট ইস্যু করা হবে না)।

নিউ ইয়র্কের শহরের বাসিন্দারা –নিউ ইয়র্ক শহরের পরিবহন বিভাগ (New York City Department of Transportation, NYC DOT) নিউ ইয়র্ক শহরের বাসিন্দাদের পারমিট ইস্যু করে। যদি আপনি একজন নিউ ইয়র্ক শহরের বাসিন্দা হন এবং আপনার পারমিটের প্রয়োজন থাকে, তাহলে আপনাকে অবশ্যই আপনার আবেদন **এবং** আপনার ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি কার্ডের কপি NYC Department of Transportation, Permits and Customer Service, 30-30 Thomson Avenue, 2nd Floor, Long Island City, NY 11101-3045 এ পাঠাতে হবে। আরও তথ্যের জন্য (718) 433-3100 নম্বরে ফোন করুন। **যদি আপনি আপনার ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডি কার্ডের কপি প্রদান না করেন তাহলে, NYC DOT পারমিট ইস্যু করবে না।** যদি আপনার গুরুতর অক্ষমতা থাকা ব্যক্তিদের প্লেট থাকে, তাহলে 1ম খণ্ড সম্পূর্ণ করুন এবং আপনার রেজিস্ট্রেশনের কপি সংযুক্ত করে দিন। যদি আপনার গুরুতর অক্ষমতা থাকা ব্যক্তিদের কাস্টম প্লেট থাকে, তাহলে ইন্টারন্যাশ্যানাল অ্যাক্সেসের। এর চিহ্ন আছে আপনার প্লেটের একটি ছবি সংযুক্ত করুন। অনুগ্রহ করে 2য় পাতায় "নিউ ইয়র্ক শহরে পার্কিং" সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পড়ুন।

নাসাউ কাউন্টির বাসিন্দারা –পারমিটের জন্য কোথায় আবেদন করতে হবে তা জানতে (516) 227-7399 (নাসাউ কাউন্টির প্রতিবন্ধী অফিস) নম্বরে ফোন করুন।

নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য বাসিন্দারা –আপনার নিকটবর্তী কোন এজেন্ট পারমিট ইস্যু করে তা জানতে আপনার স্থানীয় মহানগর, শহর বা গ্রামের হলে ফোন করুন। **বেশিরভাগ সিটি, শহর বা গ্রামীণ ক্লার্ক এবং কিছু পুলিস বিভাগ পারমিট ইস্যু করে।** বেশিরভাগ এজেন্ট MV-664.1 গ্রহণ করে, কিন্তু কিছু এজেন্টের নিজস্ব আবেদন পত্র আছে এবং সমস্ত এজেন্ট সাময়িক অক্ষমতার পারমিট ইস্যু করে না।

2) **লাইসেন্স প্লেটের আবেদনের জন্য:**

(a) আপনার অক্ষমতা স্থায়ী হওয়া **আবশ্যক**।

(b) যে গাড়িতে বিশেষ প্লেট ইস্যু করা হবে তা অবশ্যই **প্রতিবন্ধী ব্যক্তির নামে রেজিস্টার্ড** করা আবশ্যক। ব্যক্তির অবশ্যই এগুলো থাকতে হবে: বয়স অন্তত 16 হতে হবে ও তার নামে গাড়ি রেজিস্টার করা থাকতে হবে।

(c) 3 নং পাতার আবেদনের 1ম খণ্ড পূরণ করুন। ডাক্তার, অস্টিওপ্যাথি ডাক্তার, ডাক্তারের সহকারি, নার্স প্র্যাকটিসনার, পোডিয়াট্রিক মেডিসিনের ডাক্তার (পা সংক্রান্ত অক্ষমতা) বা অপ্টোমেট্রিস্টকে (অন্ধত্বের জন্য) আবেদন পত্রের 2য় খণ্ডের "স্থায়ী অক্ষমতা" বিভাগ পূরণ করে আপনার কাছে পাঠাতে হবে। দ্রষ্টব্য: যদি আপনার স্থায়ী অক্ষমতা থাকে এবং যা চোখে দেখা যায় (যেমন পা হারানো) ***বা*** আপনার কাছে অক্ষমতার জন্য স্থায়ী (নীল) পার্কিং পারমিট থাকে তাহলে মোটর যান অফিস হয়তো মেডিক্যাল সার্টিফিকেশন মুকুব করতে পারে। পারমিট ধারকদেরকে তাদের সঙ্গে পারমিট আনতে হবে এবং আবেদনের 1ম খণ্ড পূরণ করতে হবে এবং মেডিক্যাল সার্টিফিকেশন বা ডাক্তারের বিবৃতি আছে এমন পারমিট আবেদনের কপিও সংযুক্ত করতে হবে।

(d) আপনি **যে কোনও মোটর যান অফিসে** প্লেট পেতে পারেন। আবেদন সম্পূর্ণভাবে পূরণ করে নিয়ে আসুন।

- প্রথমবারের জন্য আপনার গাড়ি রেজিস্টার করতে, প্রকৃত রেজিস্ট্রেশনের জন্য আপনাকে অবশ্যই এইসব বিষয়ের সবকটি ও আপনার অক্ষমতার প্রমাণ দিতে হবে।
- যদি আপনার গাড়িতে প্লেট থাকে, তাহলে গুরুতর অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য প্লেটের সঙ্গে বিনিময় করতে প্লেটগুলি নিয়ে আসুন। ইন্টারন্যাশানাল অ্যাক্সেসের চিহ্ন (ISA) থাকা নতুন প্লেটগুলির জন্য আপনাকে একটি রেজিস্ট্রেশন আবেদন পত্র (form MV-82) পূরণ করতে হবে এবং $25.00 দিতে হবে।
- আপনার গাড়ির রেজিস্ট্রেশন পুনর্নবীকরণ সময় ছাড়া এই লেনদেন করা হলে আপনাকে লেনদেন ফি বাবদ অতিরিক্ত $3.75 দিতে হবে।
- ISA থাকা ব্যক্তিগতকৃত প্লেটগুলি DMV এর কাস্টম প্লেট অফিস থেকে পাওয়া যাবে। আরও তথ্যের জন্য (518) 402-4838 নম্বরে ফোন করুন।

লাইসেন্স প্লেট এবং পার্কিং পারমিট ব্যবহার করা

- যখন প্রতিবন্ধী ব্যক্তি গাড়িতে থাকবেন বা গাড়ি চালাবেন কেবলমাত্র **তখনই পার্কিং করার জন্য সংরক্ষিত পার্কিং স্থান ব্যবহার করতে প্লেট ও পারমিট ব্যবহার করা হতে পারে**। যে সকল ব্যক্তি প্রতিবন্ধী নন তারা সংরক্ষিত স্থানে পার্ক করার জন্য আপনার পার্কিং পারমিট বা বিশেষ প্লেট ব্যবহার করতে পারবেন না; এইসব স্থানে যারা বেআইনিভাবে পার্কিং করবে তারা NYS যান ও ট্রাফিক আইনের ধারা 1203-c(4) এর লঙ্ঘন করবে এবং প্রথমবার অপরাধের জন্য $50 থেকে $75 এবং দুই বছরের মধ্যে দ্বিতীয়বার অপরাধ করতে $75 থেলে $150 জরিমানা দিতে হতে পারে। পৌরসভাগুলি আরও বেশি জরিমানা চাপাতে পারে। কেউ যদি প্রতিবন্ধীর জন্য পার্কিং প্লেট বা লাইসেন্স প্লেটের অপব্যবহার করে তাহলে পারমিট বা প্লেট প্রত্যাহার করা হতে পারে।

- গাড়ি পার্কিং করে রাখার সময় পার্কিং পারমিট রিয়র-ভিউ মিরর থেকে ঝুলিয়ে রাখতে হবে, কিন্তু গাড়ি চলার সময় সেটি মিরর থেকে খুলে রাখ হবে।

- সাধারণত, প্লেট ও পারমিট নিউ ইয়র্ক স্টেটে প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত পার্কিং করার স্থান এমন সমস্ত জায়গায় বৈধ। তবে, প্লেট বা পারমিট ব্যবহার করা মানে এই নয় যে আপনি স্টেট বা স্থানীয় পার্কিং বিধি বা ফি বা নির্ধারিত এলাকায় পার্কিং করার অনুমতি নেওয়ার প্রয়োজনীয়তা থেকে মুক্ত। এছাড়াও অন্যান্য স্টেট, অঞ্চল এবং বিদেশেও প্লেট ও পারমিট বৈধ। যদি আপনি নিউ ইয়র্কের বাইরে যান, তাহলে আপনার পারমিট বা প্লেট গ্রহণ করা যাবে তা নিশ্চিত করতে পুলিস বা মোটর যান এজেন্সির সঙ্গে কথা বলুন।

- প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত পার্কিং স্থান অবশ্যই সুস্পষ্টভাবে উপরের গ্রেড চিহ্ন দিয়ে লাগানো থাকতে হবে যেখানে হুইলচেয়ারের চিহ্ন থাকবে। পার্কিং স্থানের পৃষ্ঠতল থেকে পাঁচ থেকে সাত ফুট উঁচুতে এইসব চিহ্ন লাগানো থাকতে হবে। সংরক্ষিত স্থানের জায়গার মধ্যে নীল রঙ দিয়ে লাইন বা মার্কিং করে রাখতে হবে। **প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত স্থানের পাশে থাকা স্টাইপড অ্যাক্সেস অ্যাইলে পার্ক করবেন না** এমনকি আপনার পারমিট বা প্লেট থাকলেও। অ্যাক্সেস অ্যাইল হলো হুইলচেয়ার ব্যবহারকারী এবং অন্য বিশেষ সহায়ক যান থেকে নিরাপদে স্থানান্তর করার স্থান।

- স্থানীয় আইন বা অর্ডিনেন্স দ্বারা প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য পার্ক করার স্থান নির্ধারণ করা হয়। নির্দিষ্ট কোনও রাস্তায় প্রতিবন্ধীদের পার্কিং সংক্রান্ত আপনার কোনও প্রশ্ন থাকলে, রাস্তার রক্ষণাবেক্ষণের জন্য কর্তৃপক্ষের সঙ্গে কথা বলুন। রাস্তার ধারের পার্কিং থাকা কোন কেন্দ্রের সংরক্ষিত পার্কিং সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকলে, সেই কেন্দ্রের ম্যানেজার বা স্থানীয় ভবন পরিদর্শকের সঙ্গে যোগাযোগ করুন।

- **নিউ ইয়র্ক সিটিতে পার্কিং**

  নিউ ইয়র্ক সিটি (NYC) তার রাস্তায় কেবলমাত্র প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য স্থান সংরক্ষণ করে না। তবে, সিটি একটি সিটি পারমিট (আয়তাকার ড্যাশবোর্ড পারমিট) ইস্যু করে, যা গুরুতর প্রতিবন্ধী ব্যক্তিদেরকে বেশিরভাগ লোকের জন্য উপলভ্য এমন কার্বসাইড স্থানে অথবা চার্জ ছাড়াই আইনিভাবে মিটার্ড স্থানে পার্কিং করার অনুমতি প্রদান করে। নিউ ইয়র্ক সিটির বাইরে এই পারমিট বৈধ নয়। আপনার NYC DOT এর ইস্যু করা সিটি পারমিট বা নিউ ইয়র্ক স্টেটের পারমিট থাকতে পারে।

  নিউ ইয়র্ক স্টেট ও নিউ ইয়র্ক সিটি জুড়ে, শপিং সেন্টার, মল, অফিস বিল্ডিং এবং কলেজ ক্যাম্পাসে সংরক্ষিত পার্কিং স্থান উপলভ্য থাকে। এইসব রাস্তার ধারের লটে নির্দিষ্ট স্থানে পার্ক করার জন্য আপনি বিশেষ প্লেট বা স্টেট পারমিট ব্যবহার করতে পারেন।

  আরও তথ্যের জন্য বা পারমিটের আবেদন পত্রের জন্য আপনি NYC DOT এর www.nyc.gov/dot ওয়েবসাইট দেখতে পারেন বা (718) 433-3100 নম্বরে ফোন করতে পারেন। এছাড়াও আপনি NYC DOT এর সঙ্গে এই ঠিকানায় যোগাযোগ করতে পারেন:

  NYC Department of Transportation
  Permits and Customer Service
  30-30 Thomson Avenue, 2nd Floor
  Long Island City, NY 11101-3045

- **মিটার্ড পার্কিং মুকুব**

  যদি আপনার চলাফেলার অক্ষমতা থাকে এবং কোনও নির্দিষ্ট গুরুতর অক্ষমতা থাকে যার কারণে আপনি কিছু করতে পারেন না অথবা পার্কিং মিটারের পেমেন্ট দিতে পারেন না, তাহলে আপনি মিটার্ড পার্কিং মুকুবের জন্য যোগ্য হতে পারেন। মিটার্ড পার্কিং মুকুব ধারককে নিউ ইয়র্ক (নিউ ইয়র্ক সিটি বাদে) সিটি, শহর বা গ্রামের যে কোনও মিটার্ড পার্কিং স্থানে ফি ছাড়াই পার্ক করার অনুমতি দেয়। আরও তথ্যের জন্য, MV-664.1MP (গুরুতর অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য মিটার্ড পার্কিং মুকুবের জন্য আবেদন) এবং MV-664.2MP (মিটার্ড পার্কিং মুকুবের তথ্য) ফর্ম দেখুন। এইসব স্থানীয় ইস্যুকারি এজেন্টের মাধ্যমে উপলভ্য এবং DMV ওয়েবসাইট dmv.ny.gov এও উপলভ্য।

অনুগ্রহ করে
তথ্যের জন্য
ভাঁজ অনুসারে ছিঁড়ে
1 ও 2 রেখে দিন।

NEW YORK STATE OF OPPORTUNITY. Department of Motor Vehicles

গুরুতর অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য পার্কিং পারমিট বা লাইসেন্স প্লেটের জন্য আবেদন

এই আবেদন পূরণ করার আগে অনুগ্রহ করে এই প্যাকেটের 1 ও 2 নং পাতা পড়ুন। যদি আপনি পার্কিং পারমিটের জন্য আবেদন করছেন তাহলে সম্পূর্ণ করা আবেদন পত্র আপনি যে সিটি, শহর বা গ্রামে থাকেন সেই ইস্যুকারী এজেন্টের (স্থানীয় পৌরসভা) কাছে নিয়ে যান; **আপনার আবেদন মোটর যান দপ্তরে পাঠাবেন না কারণ DMV পার্কিং পারমিট ইস্যু করে না।**

1ম খণ্ড অক্ষমতা থাকা ব্যক্তি সম্পর্কে তথ্য – *(অনুগ্রহ করে প্রিন্ট করুন এবং চিহ্নিত স্থানে স্বাক্ষর করুন।)*

পদবি	প্রথম	মাঝের নাম	টেলিফোন নং ( )

ঠিকানা: নং এবং রাস্তা	অ্যাপার্টমেন্ট নং	সিটি	স্টেট	জিপ কোড

জন্ম তারিখ ☐ পুরুষ ☐ মহিলা | আমি চাই: ☐ লাইসেন্স প্লেট *(DMV এ আবেদন করুন।)* ☐ পার্কিং পারমিট *(আপনার স্থানীয় ইস্যুকারী এজেন্টের কাছে আবেদন করুন।)*

আপনার কী অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য লাইসেন্স প্লেট থেকে?
☐ হ্যাঁ – আমার লাইসেন্স প্লেট নম্বর হলো: ____________ ☐ না

NYC বাসিন্দারা –আপনার ড্রাইভার লাইসেন্স বা নন-ড্রাইভার আইডির কপি সংযুক্ত করুন। যদি আপনার নিউ ইয়র্ক স্টেট পারমিট থাকে, তাহলে এখানে পারমিট নম্বর প্রিন্ট করুন:

স্বাক্ষর করার আগে 4 নং পাতায় যা লেখা আছে পড়ে নিন

X ______________________________ ______________

(অক্ষমতা থাকা ব্যক্তির অথবা পিতামাতা বা অভিভাবকের স্বাক্ষর) — *যদি পিতামাতা বা অভিভাবক স্বাক্ষর করে, তাহলে অনুগ্রহ করে আপনার স্বাক্ষরের পর অক্ষমতা থাকা ব্যক্তির সঙ্গে আপনার সম্পর্ক কী জানান।* (তারিখ)

2য় খণ্ড মেডিক্যাল সার্টিফিকেশন

দ্রষ্টব্য: স্থায়ী অক্ষমতা ডাক্তার (MD), অস্টিওপ্যাথির ডাক্তার (DO), ডাক্তারের সহকারি (PA), নার্স প্র্যাকটিসনার (NP), পোডায়াট্রিক মেডিসিনের ডাক্তার (DPM, পায়ের অক্ষমতার জন্য) বা অপ্টোমেট্রিস্ট (OD, অন্ধত্বের জন্য) দ্বারা সার্টিফায়েড করা হতে পারে। **সাময়িক অক্ষমতা**, তবে, কেবলমাত্র ডাক্তার বা অস্টিওপ্যাথি ডাক্তার দ্বারা সার্টিফায়েড করা হতে পারে।

অক্ষমতার বিবরণ প্রদানকারী বাক্সে টিক দিন এবং রোগনির্ণয়ক সম্পর্কিত তথ্য প্রদান করুন:

☐ **সাময়িক অক্ষমতা:** সাময়িক অক্ষমতা থাকা ব্যক্তি হলেন সেই ব্যক্তি যিনি সাময়িকভাবে কোনও সহায়ক যন্ত্র ছাড়া হাঁটা চলা করতে পারেন না। সহায়ক ডিভাইসের উদাহরণে ব্রেস, লাঠি, ক্রাচ, কৃত্রিম যন্ত্রপাতি, অন্য ব্যক্তি, হুইলচেয়ার বা ওয়াকার থাকলেও তা কেবল এতেই সীমিত নয়। ***গুরুত্বপূর্ণ:*** আরোগ্যলাভের প্রত্যাশিত তারিখ নির্বিশেষে সাময়িক পারমিট ছয় মাস বা তার কম সময়ের জন্য ইস্যু করা হয়।

আরোগ্যলাভের প্রত্যাশিত তারিখ:____________ **রোগনির্ণয়:** ____________

কোন সহায়ক ডিভাইসের প্রয়োজন?____________

☐ **স্থায়ী অক্ষমতা:** "গুরুতর অক্ষম" ব্যক্তি হলেন সেই ব্যক্তি যার নিচে এক বা একাধিক স্থায়ী বৈকল্য, অক্ষমতা বা সমস্যা আছে, যার কারণে তার হাঁটাচলা সীমিত।
রোগনির্ণয়: ____________ অনুগ্রহ করে **যে অবস্থাটি প্রযোজ্য সেটিতে টিক দিন:**

- ☐ পোর্টেবেল অক্সিজেন ব্যবহার করে
- ☐ আইনত অন্ধ
- ☐ উভয় বা একটি পা সীমিত ব্যবহার করতে পারেন বা ব্যবহার করতে পারেন না
- ☐ না থেমে 200 ফুট থামতে পারেন না
- ☐ নিউরোমাসকুলার ডিসফাংশন যার ফলে হাঁটাচলা গুরুতরভাবে সীমিত
- ☐ ক্লাস III বা IV কার্ডিয়াক অবস্থা (আমেরিকান হার্ট অ্যাসোসিয়েশনের মানক অনুসারে)
- ☐ বাত, স্নায়ু বা অর্থোপেডিক অবস্থার কারণে সীমিত হাঁটার ক্ষমতা
- ☐ ফুসফুসের রোগের কারণে সীমিত, স্পাইরোমেট্রি দ্বারা পরিমাপের সময় এক সেকেন্ডের জন্য ফোর্সড (রিসেপিরাটরি) এক্সপাইরোটরি ভলিউম এক লিটারের থেকে কম অথবা আর্টিয়াল অক্সিজেন টেনসন ঘরের বাতাসে আরাম করার সময় ষাট মিমি/এইচজি এর থেকে কম
- ☐ উপরে তালিকাভুক্ত নেই এমন বৈকল্য বা অবস্থা আছে যার বৈকল্যতাও সমান এবং যার কারণে পাবলিক পরিবহন ব্যবহারে সমস্যা হয় এবং অসুবিধা ছাড়াই এদিক ওদিকে যেতে সমস্যা হয়। **কীভাবে এই অক্ষমতা হাঁটাচলার ক্ষমতা সীমিত করে তা জানান।**

____

____

MD/DO/DPM/NP/PA/OD এর নাম	পেশাদারী লাইসেন্স
MD/DO/DPM/NP/PA/OD এর ঠিকানা	টেলিফোন নং ( )

স্বাক্ষর করার আগে 4 নং পাতায় যা লেখা আছে পড়ে নিন

X ______________________________ ______________

(MD/DO/DPM/NP/PA/OD এর স্বাক্ষর) (তারিখ)

Part 3 FILE INFORMATION *(For Issuing Agent Use Only)*

☐ Blue ☐ Red **Parking Permit No.** ____________ Date Issued:____________ Date Expires:____________

☐ First ☐ Second 9-digit number from NYS Driver License/ID Card ____________

☐ Denied ☐ Revoked Reason: ____________ ____________
(Date)

X ______________________________ ______________
(Issuing Agent) (Locality)

"রিসেট / স্পষ্ট

গ্রাহক ও মেডিক্যাল প্রোফেশনালদের জন্য দ্রষ্টব্য

NYS যান ও ট্রাফিক আইন এবং পেনাল আইন অনুসারে, গুরুতর অক্ষমতা থাকা ব্যক্তির পার্কিং পারমিট বা লাইসেন্স প্লেটের আবেদনের জন্য ভুল বিবৃতি প্রদান বা ভুল তথ্য প্রদান হলো অপরাধ (গুরুতর অপরাধ বা অপকর্ম)। এই অপরাধের জন্য জরিমানা, জেল অথবা উভয়ই হতে পারে। পার্কিং পারমিটের জন্য আবেদনের ক্ষেত্রে এই ধরনের অপরাধ হলে, এর জন্য ফৌজদারি জরিমানা বাবদ $250 - $1,000 দিতে হতে পারে।

যে সকল *গ্রাহক* লাইসেন্স প্লেট বা পার্কিং প্লেট চান, অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য:

যখন আপনি এই আবেদনের 1ম খণ্ড স্বাক্ষর করছেন তখন আপনি প্রত্যায়ন করছেন যে:

- এই আবেদনে আপনি যে তথ্য দিয়েছেন তা সত্য;
- 2য় পাতায় থাকা "লাইসেন্স প্লেট এবং পার্কিং পারমিট" এর শর্তাবলী পড়েছেন এবং বুঝেছেন; এবং
- আপনি এইসব শর্তাবলী মেনে চলতে সম্মত হচ্ছেন।

মেডিক্যাল প্রোফেশনালদের **জন্যঅক্ষমতা থাকা ব্যক্তিদের লাইসেন্স প্লেট বা পার্কিং পারমিটের জন্য আবেদনের সহায়ক হিসেবে চিকিৎসা তথ্য প্রদান করেন:**

যখন আপনি এই আবেদনের 2য় খণ্ড স্বাক্ষর করছেন তখন আপনি প্রত্যায়ন করছেন যে:

- আপনার প্রদত্ত চিকিৎসা সংক্রান্ত তথ্য সত্য এবং নির্ভুল; এবং
- আপনার মতে, আবেদনের 1ম খণ্ডে উল্লিখিত ব্যক্তি 2য় খণ্ডে নির্দিষ্ট করে উল্লেখ করা চিকিৎসার মানদণ্ড অনুসারে অক্ষমতা থাকা ব্যক্তিদের জন্য লাইসেন্স প্লেট বা পার্কিং পারমিট পাওয়ার ক্ষেত্রে চিকিৎসাগতভাবে যোগ্য।